# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৫১৯

৪/ জুমু'আ (كِتَاب الْجُمُعَةِ عَنْ رَسُولِ اللَّهِ ﷺ)

পরিচ্ছেদঃ জুমু’আর কিরাআত।

## باب مَا جَاءَ فِي الْقِرَاءَةِ فِي صَلاَةِ الْجُمُعَةِ

আরবী

حَدَّثَنَا قُتَيْبَةُ، حَدَّثَنَا حَاتِمُ بْنُ إِسْمَاعِيلَ، عَنْ جَعْفَرِ بْنِ مُحَمَّدٍ، عَنْ أَبِيهِ، عَنْ عُبَيْدِ اللَّهِ بْنِ أَبِي رَافِعٍ، مَوْلَى رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم قَالَ اسْتَخْلَفَ مَرْوَانُ أَبَا هُرَيْرَةَ عَلَى الْمَدِينَةِ وَخَرَجَ إِلَى مَكَّةَ فَصَلَّى بِنَا أَبُو هُرَيْرَةَ يَوْمَ الْجُمُعَةِ فَقَرَأَ سُورَةَ الْجُمُعَةِ وَفِي السَّجْدَةِ الثَّانِيَةِ: (إِذَا جَاءَكَ الْمُنَافِقُونَ ) قَالَ عُبَيْدُ اللَّهِ فَأَدْرَكْتُ أَبَا هُرَيْرَةَ فَقُلْتُ لَهُ تَقْرَأُ بِسُورَتَيْنِ كَانَ عَلِيٌّ يَقْرَأُ بِهِمَا بِالْكُوفَةِ قَالَ أَبُو هُرَيْرَةَ إِنِّي سَمِعْتُ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم يَقْرَأُ بِهِمَا . وَفِي الْبَابِ عَنِ ابْنِ عَبَّاسٍ وَالنُّعْمَانِ بْنِ بَشِيرٍ وَأَبِي عِنَبَةَ الْخَوْلاَنِيِّ . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ أَبِي هُرَيْرَةَ حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ . وَرُوِيَ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم أَنَّهُ كَانَ يَقْرَأُ فِي صَلاَةِ الْجُمُعَةِ بِـ ( سَبِّحِ اسْمَ رَبِّكَ الأَعْلَى ) وَ (هَلْ أَتَاكَ حَدِيثُ الْغَاشِيَةِ ) . عُبَيْدُ اللَّهِ بْنُ أَبِي رَافِعٍ كَاتِبُ عَلِيِّ بْنِ أَبِي طَالِبٍ رَضِيَ اللَّهُ عَنْهُ .

বাংলা

৫১৯. কুতায়বা (রহঃ) .... রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর মাওলা বা আযাদকৃত দাস আবূ রাফি রাদিয়াল্লাহু আনহু-এর পুত্র আবদুল্লাহ (রহঃ) থেকে বর্ণিত আছে যে, তিনি বলেনঃ মারওয়ান আবূ হুরায়রা রাদিয়াল্লাহু আনহু কে মদীনায় তার স্থলাভিষিক্ত নিযুক্ত করে নিজে মক্কা যাত্রা করে। অনন্তর আবূ হুরায়রা রাদিয়াল্লাহু আনহু একদিন আমাদের জুমুআর সালাত (নামায/নামাজ) পড়ালেন। এতে তিনি (প্রথম রাকআতে) সূরা জুমুআহ এবং দ্বিতীয় রাকআতে إِذَا جَاءَكَ الْمُنَافِقُونَ তিলাওয়াত করেন। উবায়দুল্লাহ বলেনঃ পরে আমি আবূ হুরায়রা রাদিয়াল্লাহু আনহু এর সঙ্গে সাক্ষাৎ করলাম এবং বললামঃ আপনি এমন দু’টি সূরা (এই সালাতে) তিলাওয়াত করলেন যে দু’টি সূরা কূফায় আলী রাদিয়াল্লাহু আনহু (এই সালাতে) তিলাওয়াত করতেন। আবূ হুরায়রা রাদিয়াল্লাহু আনহ বললেনঃ আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে এই দুটি সূরা তিলাওয়াত

করতে শুনেছি। - ইবনু মাজাহ ১১১৮, মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ৫১৯ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে ইবনু আব্বাস, নু’মান ইবনু বাশীর এবং আবূ উতবা আল-খাওলানী রাদিয়াল্লাহু আনহুম থেকেও হাদীস বর্ণিত আছে। ইমাম আবূ ঈসা তিরমিযী (রহঃ) বলেনঃ আবূ হুরায়রা রাদিয়াল্লাহু আনহু বর্ণিত হাদীসটি হাসান-সহীহ। রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে বর্ণিত আছে যে, তিনি জুম্মার সালাতে بِسَبِّحِ اسْمَ رَبِّكَ الْأَعْلَى ও وَهَلْ أَتَاكَ حَدِيثُ الْغَاشِيَةِ সূরা দু’টি তিলাওয়াত করতেন। উবায়দুল্লাহ ইবনু আবূ রাফি’ আলী ইবনু আবী তালিব রাদিয়াল্লাহু আনহু-এর কাতিব।

## English

Ubaidullah bin Abi Rafi the freed slave of Allah's Messenger said: "Marwan left Abu Hurairah in charge of Al-Madinah and he went to Makkah. So Abu Hurairah led us in Salat in Friday, reciting Surah Al-Jumuah (in the first Rak'ah) and in the second prostration (Rak'ah): When the hypocrites come to you." Ubaidullah said: "So I caught up with Abu Hurairah and said to him: 'You recited two Surah that Ali recited in Al-Kufah. Abu Hurairah said: 'Indeed I heard Allah's Messenger reciting them.'"

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=17708

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন